সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
(www.shilpakala.gov.bd)

নম্বর: ৪৩.২০.০০০০.০১২.১১.০২১.২১. ৮০৪ তারিখ: ০৭/১২/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিল্পকলা একাডেমির নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে (Online) অনলাইনে http://bsa.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও জাতীয় বেতন স্কেল (২০১৫) | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ১০টি | ৩০ বৎসর | ৮ম শ্রেণি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কুমিল্লা, ব্রাহ্মনবাড়িয়া, ফেনী, চাঁদপুর, সিরাজগঞ্জ, পঞ্চগড়, লালমনিরহাট, বাগেরহাট, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী ও জামালপুর। |
| ২। | প্রপসম্যান ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০১টি | ৩০ বৎসর | ৮ম শ্রেণি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। | |

০১. নিম্নেবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) নিয়োগ বিজ্ঞপ্তিটি http://shilpakala.gov.bd এবং http://bsa.teletalk.com.bd তে পাওয়া যাবে।

(খ) ০১-১২-২০২২ তারিখে প্রার্থীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স ১৮-৩০ বৎসরা। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ-২২-০৯-২০২২ অনুযায়ী প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবে। শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। তবে চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental candidate এর ঘর পূরণ করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) লিখিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(চ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং এতিম খানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখল করতে হবে।

(ছ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০২. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://bsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১-১২-২০২২ খ্রি: সকাল-১০-০০ টা।
(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১-১২-২০২২ খ্রি:; বিকাল-০৫-০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্ব্বোচ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্ব্বোচ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষায় ফি প্রদান: Online এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষায় ফি বাবদ ক্রমিক-১ হতে ২ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ সর্বমোট ১১২/-(একশত বার) টাকা অনলাইনে আবেদন Submit এর পর অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

চলমান পাতা-২

প্রথম SMS:BSA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSA ABCDEF
Reply: Applicant's name, TK.112 will be charged as applicantion fee: Your PIN is xxxxxxxxx. To pay fee type BSA<space>YES<space>PIN and sent to 16222.
দ্বিতীয় SMS:BSA<space> YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSA Yes xxxxxxxx
Reply: Congratulations Applicant's name, payment completed successfully for BSA. Applicantion for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsa.teletalk.com.bd অথবা বাংলাদেশ শিল্পকলা একাডেমির ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে: BSA<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বর। Example: BSA HELP USER ABCDEF
ii. PIN Number জানা থাকলে: BSA<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BSA HELP PIN ********

(ঝ) Online আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা secretary@shilpakala.gov. bd এ মেইলে যোগাযোগ করা যাবে।

০৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
গ. কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ.জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
চ. Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Applicantion copy)

০৪. যে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫. কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৬. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোন 'আইনি' বা 'মানবিক অধিকার' অর্জন করবেন না।

০৭. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- যথাসময়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া হলো।

০৯/১১/২২

(লিয়াকত আলী লাকী)
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি

---------------------------
(পত্রিকার বিজ্ঞাপনের অংশ নয়)

অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ জানানো হলো)
২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ শাখা, প্রশাসন বিভাগ, বাশিএ।
(বিজ্ঞপ্তিটি তিনটি বহুল প্রচারিত পত্রিকা এবং একাডেমির ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৩। সহকারী পরিচালক (পি.এস), বাশিএ ।